

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা



অংশীজনের সঙ্গে মতবিনিময় সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ হাসানুল ইসলাম, এনডিসি অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)
সভার তারিখ	২৪ মার্চ ২০২১ খ্রিস্টাব্দ
সভার সময়	বেলা ১২.০০ মিনিট
স্থান	সভাপতি মহোদয়ের অফিস কক্ষ
উপস্থিতি	ভার্চুয়াল সভা

২. সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। এরপর তিনি বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাব মোঃ ফজলুর রহমান, সিনিয়র সহকারী সচিব-কে সভার আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করতে বলেন। তিনি প্রথমে ১৫ ডিসেম্বর ২০২০ তারিখে অনুষ্ঠিত অংশীজনের সঙ্গে ২য় মতবিনিময় সভার কার্যবিবরণী পাঠ করেন এবং তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। তিনি বলেন যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২০-২০২১ এর ২য় ত্রৈমাসিক প্রতিবেদন ১৫ জানুয়ারি ২০২১ তারিখের মধ্যে ওয়েবসাইটে প্রকাশ ও এ বিভাগে প্রেরণের কার্যক্রম ছিল। অধিকাংশ অধিদপ্তর-দপ্তর-সংস্থা ২য় ত্রৈমাসিক প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করেছেন, এজন্য তিনি তাদের ধন্যবাদ জানান। কিন্তু কিছু দপ্তর-সংস্থা ২য় ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশ ও এ বিভাগে প্রেরণ করেননি। এ বিষয়ে সভাপতি যে সকল দপ্তর-সংস্থা ২য় ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশ ও এ বিভাগে প্রেরণ করেনি তাদের দৃষ্টি আকর্ষণ করলে তারা আগামী সপ্তাহের মধ্যে প্রতিবেদন প্রেরণ করবেন মর্মে জানান। অতিরিক্ত সচিব (উন্নয়ন) বলেন যে, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রমগুলি নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পাদনের বাধ্যবাধকতা রয়েছে। নির্দিষ্ট সময়ের পরে কার্যক্রম সম্পাদন করলে ঐ কার্যক্রমের বিপরীতে কোন নম্বর পাওয়া যাবে না। সিনিয়র সহকারী সচিব আরো বলেন যে, ৩১ মার্চ ২০২১ তারিখ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২০-২০২১ এর ৩য় ত্রৈমাসিক সম্পন্ন হবে। তিনি ১০ এপ্রিল ২০২১ তারিখের মধ্যে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২০-২০২১ এর ৩য় ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশ ও এ বিভাগের প্রেরণের জন্য সকল অধিদপ্তর-দপ্তর-সংস্থাকে অনুরোধ জানান। তিনি প্রশিক্ষণ সংক্রান্ত অগ্রগতির বিষয়ে অধিদপ্তর-দপ্তর-সংস্থার শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের দৃষ্টি আকর্ষণ করেন। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ফোকাল পয়েন্ট বলেন যে, অর্থ বরাদ্দদের অভাবে মাঠ পর্যায়ের শুদ্ধাচার কার্যক্রম বাস্তবায়নে সমস্যা তৈরি হয়েছে। তিনি বিষয়টি আরও পূর্বে জানালে ভালো হতো মর্মে জানান। তিনি বলেন যে, ২০২১-২০২২ অর্থবছরের এপিএ, জাতীয় শুদ্ধাচার কৌশল ও জাতীয় উদ্ভাবন সংক্রান্ত নির্দেশিকা আগামী সপ্তাহের মধ্যে পাওয়া যাবে। তিনি সকলকে উক্ত নির্দেশিকা অনুযায়ী কার্যক্রম পরিচালনার অনুরোধ জানান। তিনি আরও জানান যে, ২০২১-২০২২ অর্থবছরে সকল শিক্ষা বোর্ডের সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পাদন করা হবে। এজন্য তিনি সংশ্লিষ্ট সকলকে প্রস্তুতি গ্রহণের আহ্বান জানান। শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও সুশাসন সংক্রান্ত কার্যক্রম নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

৩. সিদ্ধান্তসমূহ:

৩.১	৩১ মার্চ ২০২১ তারিখের মধ্যে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২০-২০২১ এর ২য় ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে আপলোড এবং এ বিভাগে প্রেরণ করতে হবে;
৩.২	নির্ধারিত সময়ের মধ্যে কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি এবং সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণের আয়োজন করতে হবে এবং এ সংক্রান্ত প্রমাণক এ বিভাগে প্রেরণ করতে হবে;
৩.৩	স্ব-স্ব ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স, তথ্য অধিকার সেবাবক্স ও অভিযোগ প্রতিকার ব্যবস্থা সেবাবক্স নিয়মিত হালনাগাদ করতে হবে;
৩.৪	স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) প্রণয়ন/হালনাগাদ ও বাস্তবায়ন করতে হবে;
৩.৫	শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুযায়ী শাখা/অধিশাখা ও আওতাধীন/অধস্তন কার্যালয় পরিদর্শন করতে হবে;
৩.৬	১০ এপ্রিল ২০২১ তারিখের মধ্যে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২০-২০২১ এর ৩য় ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করতে হবে।

৪. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ হাসানুল ইসলাম, এনডিসি
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৫.০১.০০৪.২০.৬০

তারিখ: ১৪ চৈত্র ১৪২৭

২৮ মার্চ ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ২) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীন অধিদপ্তর-দপ্তর-সংস্থা (সকল)।
- ৩) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,
ঢাকা/রাজশাহী/কুমিল্লা/যশোর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/দিনাজপুর/ময়মনসিংহ।
- ৪) উপসচিব, প্রশাসন অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৫) সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৬) উপসচিব (সংযুক্ত), কর্মসম্পাদন ব্যবস্থাপনা (মূল্যায়ন) অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ৭) সিনিয়র সহকারী সচিব, শুদ্ধাচার শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ৮) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৯) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।



মোঃ ফজলুর রহমান
সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)